দৈনিক সংবাদ

তারিখ ... 21 JUL 1993
পৃঃ ৪. কলাম ৪

## শিক্ষা মন্ত্রণালয়ের প্রতি আবেদন

গত ১৬ই জুন জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজসমূহে স্নাতক শ্রেণীতে ভর্তি শেষ হয়েছে। তবে একথা সত্য যে, এইচ এস সি পাস করার পর অধিকাংশ ছাত্র-ছাত্রীরা বিভিন্ন মেডিক্যাল কলেজ, বিশ্ব-বিদ্যালয়সমূহে ভর্তির চেষ্টা করে থাকে। সেখানে ব্যর্থ হলেই তারা কলেজগুলোতে স্নাতক শ্রেণীতে ভর্তি হয়। এ ক্ষেত্রে, যদি কলেজগুলো আগেভাগেই ভর্তি শেষ করে নেয় এবং বিশ্ববিদ্যালয়সমূহ প্রথমবর্ষ স্নাতক শ্রেণীতে ভর্তির আনুষাঙ্গিক কাজ-কর্ম নিয়ে ব্যস্ত থাকে, তাহলে বিশ্ব-বিদ্যালয়ে ভর্তিচ্ছু ঐ ছাত্রছাত্রী ব্যর্থ হলে তার পক্ষে কলেজে ভর্তি হওয়া সম্ভব নয়। উদাহরণ হিসেবে বলা যেতে পারে যে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ১৯৯২-৯৩ শিক্ষাবছরে প্রথম বর্ষ স্নাতক শ্রেণীতে ভর্তির মৌখিক পরীক্ষা চলছে। আগামী ২৫শে জুলাই ফলাফল ঘোষণা করা হবে। ঐ বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী ব্যর্থ হলে তার পক্ষে কোন কলেজে ভর্তি হওয়া সম্ভব হচ্ছে না। অতএব, তার শিক্ষাজীবনে আরও একবছর গত করে আগামী বছরের অপেক্ষায় থাকা ছাড়া গত্যন্তর নেই। সুতরাং এ ব্যাপারটি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিবেচনা করে কলেজসমূহে ভর্তির সময়সীমা বর্ধিত করলে শত শত ছাত্র-ছাত্রী উপকৃত হবে। সাথে সাথে এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক একটি 'ইউনিফর্ম রুল' থাকা প্রয়োজন বলে অভিজ্ঞ মহল, নে করেন। যাতে করে এ ধরনের ভর্তির জটিলতায় পড়ে ছাত্র-ছাত্রীদের শিক্ষাজীবন নষ্ট না হয়।

রীটা, ফুয়াদ,
১০৬/১৬, মনিপুরীপাড়া, ঢাকা।